33

দৈনিক সংবাদ

তারিখ 04 AUG 1995
পৃষ্ঠা ৫ কলাম ৬

### সমন্বয় কমিটির সভায় সিদ্ধান্ত

# লক্ষ্মীপুরে ৯টি বিদ্যালয়ের নির্মাণ কাজে অনিয়মের অভিযোগ

॥ জাকির হোসেন ॥

লক্ষ্মীপুর, ৩রা আগস্ট।— জেলা সদর ও রামগতি থানার নবনির্মিত প্রাথমিক বিদ্যালয়গুলোর কাজ অত্যন্ত নিম্নমানের হয়েছে। বিদ্যালয়গুলোর কাজে অনিয়মের অভিযোগ করা হয়েছে। এসব অভিযোগ তদন্ত করার জন্য জেলা উন্নয়ন সমন্বয় কমিটির এক সভায় সিদ্ধান্ত নেয়া হয়। থানা নির্বাহী অফিসারকে এসব বিদ্যালয়ের নির্মাণাধীন কাজ নিয়মিত পরিদর্শন করে অতিরিক্ত জেলা প্রশাসনের (সার্বিক) কাছে প্রতিবেদন দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। তবে ইতিমধ্যে যে সবের নির্মাণকাজ শেষ হয়েছে সেব সম্বন্ধে তদন্ত করে প্রতিবেদন দেয়ার জন্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলীকে দায়িত্ব দেয়া হয়।

এসব নিম্নমানের কাজের ব্যাপারে অধিকাংশ অভিযোগ উথাপন করেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার। তিনি লক্ষ্মীপুর সদর থানার পাহারকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়, আন্দারমানিক ও মধ্য-চরবৌতি কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের কথা উল্লেখ করেন। এছাড়া থানা দু'টির আরও ৬টি বিদ্যালয়ের নিম্নমানের কাজ হয়েছে বলে এলাকাবাসী ও বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অভিযোগ করে। এসব বিদ্যালয় হচ্ছে পেয়ালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, মধ্যচর-মনশা এমতি-তলা সরকারি প্রাথমিক বিদ্যালয়, তালহাটি রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, মধ্যচর ডাক্তার সরকারি প্রাথমিক বিদ্যালয়, পূর্ব চর আলেকজান্ডার মমতাজ সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং দক্ষিণ চর মার্টিন রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়। এসব বিদ্যালয়ের কোনটিতে ফাটল ধরেছে প্লাস্টারে ও নির্মাণকাজে সিমেন্ট-বালুর ভাগ নিয়মানুযায়ী না দেয়ায় এখনই প্লাস্টার খুলে যাওয়ার উপক্রম হয়েছে। ইট ব্যবহার করেছে নিম্নমানের। বর্তমানে অনেক বিদ্যালয়ের ছাদ চুইয়ে পানি পড়ছে। এছাড়াও সিডিউল অনুযায়ী দরজা-জানালায় কাঠ না দিয়ে নিম্নমানের কাঠ ব্যবহার করা হয়েছে। এসব অভিযোগ জেলা সমন্বয় কমিটির সভায় তদন্তের সিদ্ধান্ত হওয়া সত্ত্বেও অজ্ঞাত কারণে রাতারাতি থানা প্রকৌশলীরা উল্লেখিত বিদ্যালয়গুলোর ঠিকাদারদের বিল পরিশোধ করেন।

এসব অনিয়ম ও বিল প্রদানসহ স্থানীয় প্রকৌশল অধিদপ্তরের সকল উন্নয়ন কাজ তদারকির জন্য ৪টি থানায় ৪ জন থানা নির্বাহী অফিসারকে প্রধান করে ৪ সদস্যবিশিষ্ট পৃথক পৃথক কমিটি গঠন করা হয়। এই কমিটি গঠিত হয় গত ৯ই জুলাইয়ের জেলা উন্নয়ন কমিটির সভায়।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলীকে আগের সভায় ৭ই জুন নির্মাণাধীন বিদ্যালয়গুলোর অনিয়মের তদন্তভার দেয়া হলে তিনিও সে ব্যাপারে কোন প্রতিবেদন দিতে ব্যর্থ হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়।